গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা অধিশাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৭৬ তারিখঃ ২১ নভেম্বর ২০২৩

বিষয়: সরকারি নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, কুমিল্লা পরিদর্শন প্রতিবেদন।

সূত্র: এ বিভাগের নার্সিং শিক্ষা শাখার ১৬ জুলাই ২০২৩ তারিখের ৫৯.০০.০০০০.১৪৩.০৬.০৪.২০ (অংশ).১৭৮ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ০৪ নভেম্বর ২০২৩ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক সরকারি নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, কুমিল্লা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে উপপরিচালক (নার্সিং শিক্ষা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সংশ্লিষ্ট কলেজের নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ ও শিক্ষকমন্ডলীসহ অন্যান্য কর্মকর্তা /কর্মচারীগণ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের অবকাঠামো, জনবল, শ্রেণীকক্ষ, ল্যাব, লাইব্রেরী এবং শিক্ষার্থীদের আবাসন সুবিধাদিসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:

০১. প্রতিষ্ঠা ও আসন সংখ্যা : প্রতিষ্ঠানটি নার্সিং ইনস্টিটিউট হিসাবে ১৯৭০ সালে প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ২০২২ সালে কলেজে উন্নীত করা হয়। ডিপ্লোমা-ইন-নার্সিং সায়েন্সেস এন্ড মিডওয়াইফারি কোর্সে অনুমোদিত আসন সংখ্যা ৮০টি এবং ডিপ্লোমা-ইন-মিডওয়াইফারি কোর্সে অনুমোদিত আসন সংখ্যা ২৫টি।

০২. প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : তিন তলাবিশিষ্ট একটি ভবনে একাডেমিক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। পৃথক টিনশেড একতলা ভবনে অডিটরিয়াম নির্মাণ করা হয়েছে। একাডেমিক ভবনটি অত্যন্ত পুরাতন এবং জীর্ণপ্রায়। এছাড়াও ডিপ্লোমা-ইন-নার্সিং সায়েন্সেস এন্ড মিডওয়াইফারি এবং এবং ডিপ্লোমা-ইন-মিডওয়াইফারি কোর্সের তিনটি ব্যাচের শিক্ষার্থী ও ইন্টার্নসহ ৪১৩ জন শিক্ষার্থীর পাঠদানের জন্য উপযোগী নয়। পর্যাপ্ত অবকাঠামোগত সুবিধা না থাকায় প্রতিষ্ঠানটি ২০২২ সালে কলেজে উন্নীত করা হলেও অদ্যবধি বিএসসি-ইন-নার্সিং কোর্সে শিক্ষার্থী ভর্তির অনুমোদন দেয়া হয়নি।





০৩. জনবল : নার্সিং ইনস্টিটিউট হিসাবে অনুমোদিত পদ ০৮টি। সংযুক্তিতে ০৬ জনসহ মোট ১৪ জন কর্মরত আছে। প্রতিষ্ঠানটি কলেজে উন্নীত করা হলেও অনুমোদিত অর্গানোগ্রাম না থাকায় প্রতিষ্ঠান প্রধানের পদটি নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ

হিসাবেই বহাল রয়েছে। এছাড়াও ডিপ্লোমা-ইন-নার্সিং সায়েন্সেস এন্ড মিডওয়াইফারি এবং এবং ডিপ্লোমা-ইন-মিডওয়াইফারি কোর্সের তিনটি ব্যাচের শিক্ষার্থীদের পাঠদানের জন্য অর্গানোগ্রাম হালনাগাদপূর্বক জরুরি ভিত্তিতে জনবল পদায়ন প্রয়োজন।

০৪. শিক্ষার্থীদের বিবরণ :

| ডিপ্লোমা-ইন-নার্সিং সায়েন্সেস এন্ড মিডওয়াইফারি | | | | ডিপ্লোমা-ইন-মিডওয়াইফারি | |
|---|---|---|---|---|---|
| বর্ষ | ব্যাচ | শিক্ষার্থীর সংখ্যা | | ব্যাচ | শিক্ষার্থীর সংখ্যা |
| | | মহিলা | পুরুষ | | |
| ১ম | ১৬তম | ৭২ | ০৮ | ৯ম | ২৫ |
| ২য় | ১৫তম | ৬৯ | ০৮ | ১০ম | ২৫ |
| ৩য় | ১৪তম | ৭০ | ০৮ | ১১তম | ২৫ |
| ইন্টার্ণ | ১৩ তম | ৭০ | ০৮ | ৮ম | ২৫ |
| মোট | | ২৮১ | ৩২ | | ১০০ |
| সর্বমোট = ৪১৩ | | | | | |

০৫. লাইব্রেরী ব্যবস্থাপনা : নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, কুমিল্লার লাইব্রেরীতে পর্যাপ্ত নার্সিং ও মিডওয়াইফারি সংক্রান্ত বই ও জার্নাল বিদ্যমান। তবে শিক্ষার্থীদের জন্য পর্যাপ্ত আসনের ব্যবস্থা নেই। শিক্ষার্থীদের পড়াশুনার জন্য পর্যাপ্ত চেয়ারসহ যথোপযুক্ত টেবিল স্থাপন করতে হবে

০৬. আবশ্যকীয় ল্যাবের বিবরণ : প্রয়োজনীয় উপকরন/ সরঞ্জামাদি দ্বারা সুসজ্জিত আবশ্যিক ৭টি ল্যাব রয়েছে।

০৭. হোস্টেল ব্যবস্থাপনা : শিক্ষার্থীদের জন্য স্বতন্ত্র একটি হোস্টেলের ব্যবস্থা করা হয়েছে। তবে ডিপ্লোমা-ইন-নার্সিং সায়েন্সেস এন্ড মিডওয়াইফারি এবং এবং ডিপ্লোমা-ইন-মিডওয়াইফারি কোর্সের তিনটি ব্যাচের শিক্ষার্থীদের আবাসনের জন্য পর্যাপ্ত নয়। ভবনটি অত্যন্ত পুরাতন এবং জরাজীর্ণ প্রায়। পর্যাপ্ত ব্যবস্থা না থাকায় একেকটি ছোট কক্ষে ৮/১০ জন শিক্ষার্থী মানবেতর জীবনযাপন করছে। প্রতিটি সিঙ্গেল খাটে আড়াআড়িভাবে দুজন শিক্ষার্থীকে থাকতে হচ্ছে। হোস্টেল কক্ষে শিক্ষার্থীদের পড়াশুনার পরিবেশ বিদ্যমান নেই।









০৮.	অফিস ব্যবস্থাপনা	: অফিস ভবনটি পুরাতন হলেও প্রতিষ্ঠান প্রধান নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ এর কর্মতৎপরতায় কলেজ এর সার্বিক পরিবেশ পরিচ্ছন্ন দেখা যায়। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ স্ব-উদ্যোগে শিক্ষক কর্মচারীদের বসার জন্য কর্পোরেট স্টাইলে স্বতন্ত্র স্থানের ব্যবস্থা করেছেন। নার্সিং কলেজে একটি পরিত্যাক্ত পুরাতন গাড়ী ফেলে রাখা হয়েছে মর্মে দেখা যায়। প্রতিষ্ঠান প্রধান জানান যে, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা পেলে পরিত্যাক্ত পুরাতন গাড়ীটি কনডেমনেশনের ব্যবস্থা গ্রহণ করা হবে।





০৯.	সার্বিক মতামত/সুপারিশ	:

(ক) প্রতিষ্ঠান ভবনটি পুরাতন ও জরাজীর্ণ বিধায় ভবনটি পুন:নির্মাণ করা আবশ্যক। একাডেমিক ভবন পুন:নির্মাণের প্রস্তাব অপারেশন প্ল্যানে অন্তর্ভুক্ত করা প্রয়োজন;

(খ) অর্গানোগ্রাম হালনাগাদপূর্বক জরুরি ভিত্তিতে জনবল পদায়ন প্রয়োজন;

(গ) হোস্টল ভবনটি পুরাতন ও ছাদের অবস্থা জরাজীর্ণ বিধায় ভবনটি পুন:নির্মাণ করা আবশ্যক। ভবনটি সংস্কার এবং নতুন হোস্টেল নির্মাণের প্রস্তাব অপারেশন প্ল্যানে অন্তর্ভুক্ত করা প্রয়োজন;

(ঘ) প্রতিষ্ঠানটি কলেজে উন্নীত করা হয়েছে বিধায় প্রতিষ্ঠান প্রধানের পদটি নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ হতে অধ্যক্ষ পদে উন্নীত করা প্রয়োজন। এজন্য অর্গানোগ্রাম হালনাগাদপূর্বক অনুমোদন গ্রহণ করতে হবে;

(ঙ) টিনশেড একতলা ভবনে স্থাপিত অডিটরিয়াম অপসারণ করে উক্ত স্থানে মাল্টিস্টোরিড ভবন নির্মান করা হলে একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা সম্ভব হবে:

(চ) লাইব্রেরীতে নতুন সংস্করণের মূল বই, ম্যাগাজিন ও জার্নাল পর্যাপ্ত পরিমানে রাখাসহ শিক্ষার্থীদের পড়াশুনার জন্য যথোপযুক্ত টেবিল স্থাপন করা আবশ্যক;

(ছ) পরিত্যাক্ত পুরাতন গাড়ীটি জরুরি ভিত্তিতে কনডেমনেশনের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

২১/১১/২৩

(মল্লিকা খাতুন)
যুগ্মসচিব
ফোন: ৫৫১০০৮৬৪
me@mefwd.gov.bd

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৭৬ তারিখঃ ২১ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা

০২। যুগ্মসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। রেজিস্টার (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, বিজয়নগর, ঢাকা

০৪। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, সরকারি নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, কুমিল্লা

০৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৬। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

০৭। যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।